দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 7

# শিক্ষার্থীদের তদারকি জোরদারের নির্দেশ রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ শিক্ষার্থীরা যাতে আধুনিক বিজ্ঞান ও জ্ঞানার্জনের মাধ্যমে বর্তমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে পারে সে লক্ষ্যে দেশের বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষকে তদারকি আরও জোরদারের নির্দেশ দিয়েছেন। রাষ্ট্রপতির সঙ্গে বুধবার বঙ্গভবনে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল (বিইউপি)-এর নবনিযুক্ত উপাচার্য মেজর জেনারেল মোঃ সালাহউদ্দিন মিয়াজী সৌজন্য সাক্ষাত করতে এলে তিনি এ নির্দেশ দেন। খবর বাসসর।

রাষ্ট্রপতি আবদুল হামিদ, শিক্ষক-শিক্ষার্থী-অভিভাবকবৃন্দের সমন্বয়ে 'মোটিভেশনাল প্রোগ্রাম' আয়োজনের জন্য বিইউপি'র উপাচার্যকে নির্দেশনা দেন যাতে তারা নিজেদের জঙ্গীবাদের মতো কর্মকাণ্ডে জড়িয়ে না ফেলে। রাষ্ট্রপতি এ ধরনের কর্মসূচী গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন, যাতে অন্যান্য বিশ্ববিদ্যালয় তা অনুসরণ করতে পারে।

মেজর জেনারেল মোঃ সালাহউদ্দিন মিয়াজী তাকে উপাচার্য পদে নিয়োগ দেয়ায় রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা জানান।